

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

দাখিল ও এবতেদায়ী মাদ্রাসা শাখা

গাইড হাউস (৭ম ও ১০ম তলা), নিউ বেইলী রোড, ঢাকা

www.dme.gov.bd



স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৪.৩৪.০০১.২১.৪৯৬

তারিখ: ১৭ চৈত্র ১৪২৮

৩১ মার্চ ২০২২

বিষয়: চট্টগ্রাম জেলার হাটহাজারী উপজেলাধীন আহমদিয়া তজবিদুল কোরআন মহিলা দাখিল মাদ্রাসায় কর্মরত জনাব SHIHABUDDIN (ইনডেক্স নং-C315024) এর প্রার্থীত বেতন কোড সংশোধনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

সূত্র: (০১) USEO, হটহাজারী, চট্টগ্রাম এর স্মারক নং-উমাশি/হাট/চট্ট/২০২১/২৮৯; তারিখ: ২৭/০৯/২০২১ খ্রি.

(০২) তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদনের স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৫.১২.০৩৮.২১-৩৭; তাং: ০৩/০৩/২০২২

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম জেলার হাটহাজারী উপজেলাধীন আহমদিয়া তজবিদুল কোরআন মহিলা দাখিল মাদ্রাসায় কর্মরত জনাব SHIHABUDDIN (ইনডেক্স নং-C315024) এর এমপিও শীটে বেতন কোড সংশোধনের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, হাটহাজারী, চট্টগ্রাম কর্তৃক সূত্রোক্ত ০১ নং স্মারকে অত্র অধিদপ্তরে অগ্রায়ণ করা হয়।

০২। বেতন কোড সংশোধন সংক্রান্ত আবেদনের বিষয়টি নিম্নলিখিত লক্ষ্যে তদন্ত কর্মকর্তা জনাব মোহাম্মদ শামসুজ্জামান, উপ-পরিচালক (অর্থ), মাশিঅ এবং জনাব মোঃ শাহীনুর ইসলাম, সহকারী পরিচালক (গবেষণা ও উন্নয়ন), মাশিঅ এর সমন্বয়ে গঠিত তদন্ত কমিটিকে দায়িত্ব প্রদান করা হয়। সূত্রোক্ত ০২ নং স্মারকের মাধ্যমে তদন্ত কমিটি কর্তৃক প্রতিবেদন দাখিল করেন। তদন্ত কমিটির মতামত নিম্নরূপ:

“জনাব মোহাম্মাদ শিহাব উদ্দিন চৌধুরী, (ইনডেক্স নং-C315024), সহকারী মৌলভী হিসেবে প্রথম এমপিওভুক্ত হন মে/২০০২ সালে। প্রথম এমপিওশীটে তার বেতন কোড ১১ মুদ্রিত হয়। ২০১১ সালে উচ্চতর ফেল পাওয়ার কারণে এমপিও শীটে বেতন কোড ০৯ হয় (প্রকৃত পক্ষে হওয়ার কথা ১০) এবং পদবি A SUP মুদ্রিত হয়। উল্লেখ্য যে, এমপিও শীটে পদবীর সাথে বেতন কোড ও বেতন-ভাতা সামঞ্জস্য পূর্ণ হওয়া বাঞ্ছনীয়। প্রতিকার প্রার্থীর নিয়োগ সংক্রান্ত সকল কাগজ-পত্র পদবী সহকারী মৌলভী থাকলেও এবং এমপিও শীটে বেতন কোড সঠিক থাকলেও ২০১১ সালের এমপিও শীটে পদবী ও বেতন কোড সঠিক নেই। জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ (২৩ নভেম্বর-২০২০ পর্যন্ত সংশোধিত/সর্বশেষ পরিমার্জিত) অনুসারে বর্ণিত শিক্ষকের প্রকৃত পদবী অনুযায়ী সঠিক বেতন কোড ১০ হবে। সহকারী মৌলভী হিসেবে বেতন কোড ০৯ হওয়ার সুযোগ নেই। বেতন কোড ০৯ এর স্থলে ১০ হিসেবে সংশোধন করলে সরকারের কোন দায় সৃষ্টি হবে না বরং আর্থিক শৃংখলা প্রতিষ্ঠিত হবে। চট্টগ্রাম জেলার হাটহাজারী উপজেলাধীন আহমদিয়া তজবিদুল কোরআন মহিলা দাখিল মাদ্রাসার কর্মরত জনাব মোহাম্মদ শিহাব উদ্দিন (ইনডেক্স নং-C315024) এর এমপিও শীটে মুদ্রিত বেতন কোড ০৯ এর স্থলে ১০ মুদ্রণের জন্য সুপারিশ করা হলো।”

০৩। তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদন, USEO, হাটহাজারী, চট্টগ্রাম এর সুপারিশসহ অগ্রায়ণ এর ভিত্তিতে প্রতিকার প্রার্থী SHIHABUDDIN (ইনডেক্স নং-C315024) এর তথ্য এবং প্রার্থীত বেতন কোড নিম্নরূপঃ

নাম, পদবী, ইনডেক্স ও প্রতিষ্ঠানের ঠিকানা	এমপিও শীটে বিদ্যমান বেতন কোড	প্রার্থীত বেতন কোড	সুপারিশ/মতামত/মন্তব্য
জনাব SHIHABUDDIN (ইনডেক্স নং-C315024) আহমদিয়া তজবিদুল কোরআন মহিলা দাখিল দাখিল মাদ্রাসা, হাটহাজারী, চট্টগ্রাম।	০৯	১০	এমপিও শীটে বিদ্যমান বেতন কোড ০৯ এর পরিবর্তে আবেদনকারীর প্রার্থীত বেতন কোড ১০ সংশোধন যোগ্য।

০৪। এমতাবস্থায়, তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদন, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, হাটহাজারী, চট্টগ্রাম এর সুপারিশসহ অগ্রায়ণ এর ভিত্তিতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে প্রতিকার প্রার্থী জনাব SHIHABUDDIN (ইনডেক্স নং-C315024) এর বেতন কোড ০৯ এর স্থলে ১০ সংযোজনপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এবং যথাযথ ব্যবস্থা গ্রহণপূর্বক বাস্তবায়ন প্রতিবেদন (Compliance Report) দাখিলের জন্যও অনুরোধ হলো।

শর্তসমূহ:

১। পরবর্তীতে কোন তথ্য ভুল/মিথ্যা প্রমাণিত হলে সংশ্লিষ্ট আবেদনকারী, সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান, সংশ্লিষ্ট তদন্তকারী কর্মকর্তা দায়ী থাকবে।

২। সরকারের অর্থের কোন প্রকার অপচয়/তছরুফ হলে সংশ্লিষ্ট আবেদনকারী, প্রতিষ্ঠান উক্ত অর্থ ফেরত দিতে বাধ্য থাকিবে। কোনরূপ বকেয়া দাবী করতে পারবে না।

৩। পরবর্তীতে নিয়োগ সংক্রান্ত/অন্যান্য ডকুমেন্টস ভুল/মিথ্যা/জাল প্রমাণিত হলে উক্ত শিক্ষক সরকারের যে কোন আইনানুগ শাস্তি গ্রহণে বাধ্য থাকবে।

৪। প্রতিকারপ্রার্থী জনাব SHIHABUDDIN (ইনডেক্স নং-C315024) কোন প্রকার বকেয়া দাবী করতে পারবে না।

৫। পরবর্তীতে এতদসংক্রান্ত কোন ডকুমেন্টস/তথ্যাদি ভুল/মিথ্যা/জাল প্রমাণিত হলে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর তাৎক্ষণিকভাবে অত্র আদেশ সম্পূর্ণ/আংশিক বাতিল কিংবা সংশোধন করতে পারবে। এতে কোনরূপ আপত্তি উত্থাপন/আইনের আশ্রয় গ্রহণ করা যাবে না।

সংযুক্তি: বর্ণনামতে-০৪ ফর্দ।

৩১-৩-২০২২

কে, এম, রুহুল আমীন

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

ফোন: ০২-৪১০৩০১৫৯

ইমেইল: dgdmeb@gmail.com

পরিচালক (প্রশাসন ও অর্থ) এবং প্রকল্প পরিচালক,
মেমিস, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৪.৩৪.০০১.২১.৪৯৬/১(৬)

তারিখ: ১৭ চৈত্র ১৪২৮
৩১ মার্চ ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
- ২) উপ-পরিচালক (প্রশাসন), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৩) সহকারী পরিচালক (অর্থ) এবং সদস্য সচিব, এমপিও কমিটি, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
- ৪) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, হাটহাজারী, চট্টগ্রাম।
- ৫) সভাপতি/সুপার/ জনাব SHIHABUDDIN (ইনডেক্স নং-C315024), আহমদিয়া তজবিদুল কোরআন মহিলা দাখিল মাদ্রাসা, হাটহাজারী, চট্টগ্রাম।
- ৬) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

Shahin Islam

৩১-৩-২০২২

জান্নাতুন নাহার

সহকারী পরিচালক